# অধ্যায়-০৮: দৃশ্যমান ও অদৃশ্যমান সম্পদের হিসাবরক্ষণ

১। প্রিয়ন্তি রহমান ম্যানুফ্যাকচারিং কোম্পানি ১ জানুয়ারি ২০১৭ সালে ৬,৩৫,০০০ টাকায় ১ টি যন্ত্রপাতি ক্রয় করে এবং যন্ত্রপাতি ক্রয় করে এবং যন্ত্রপাতিটির বহন খরচ প্রদান করে ২০,০০০ টাকা। যন্ত্রপাতিটির আয়ুষ্কাল ৮ বছর এবং আয়ুষ্কাল শেষে যন্ত্রপাতিটির ভগ্নাবশেষ মূল্য হবে ৩৫,০০০ টাকা। ক্রমহ্রাসমান জের পদ্ধতি ব্যবহার কর।

করণীয়: [ঢা.বো. য.বো. সি.বো. দি.বো. ২০১৮]

ক) অবচয়ের হার এবং ১ম বছরের অবচয় নির্ণয় কর।

খ) অবচয় খরচ হিসাব তৈরি কর।

গ) যন্ত্রপাতি হিসাব তৈরি কর।

উত্তর : ক) অবচয়ের হার ২৫%, ১ম বছরের অবচয় ১,৬৩,৭৫০ টাকা।

২। শান্ত এন্টারপ্রাইজ ২০১৭ সালের ১ জানুয়ারি তারিখে ৫,০০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করে। মেশিনটির বহন খরচ ১০,০০০ টাকা এবং সংস্থাপন ব্যয় বাবদ ৩০,০০০ টাকা একই তারিখে নির্বাহ করা হয়েছে। মেশিনটির অনুমতি আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৫০,০০০ টাকা। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাব বন্ধ করা হয়। স্থির কিস্তি পদ্ধতিতে অবচয় ধার্য করার সিদ্ধান্ত গ্রহীত হয়। [রা.বো. কু.বো. চ.বো. ব.বো. ২০১৮]

ক) ২০১৭ সালের অবচয় গণনাসহ নির্ণয় কর।

খ) প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। (২০১৭ সাল)

গ) ১ম দুই বছরের জন্য মেশিন হিসাব ও অবচয় সঞ্চিতি হিসাব প্রস্তুত কর।

উত্তর : ক) ২০১৭ সালের অবচয়ের পরিমাণ ৪৯,০০০ টাকা।

৩। ২০১৪ সালের ১ জানুয়ারি তারিখে রহিম লিঃ ২,৮০,০০০ টাকার একটি মেশিন ক্রয় করে। মেশিনটির সংস্থাপন ব্যয় ২০,০০০ টাকা। মেশিনের আনুমানিক আয়ুষ্কাল ৫ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা। ২০১৬ সালের ১ অক্টোবর তারিখে মেশিনটি ১,৬০,০০০ টাকায় বিক্রয় করা হয়। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাববর্ষ শেষ হয়। সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করা হয়। [ঢা.বো. ২০১৭]

করণীয় ঃ- (ক) মেশিন বিক্রয়ের লাভ/ক্ষতি নির্ণয় কর।

(খ) ২০১৬ সালের অবচয় সংক্রান্ত লেনদেনের প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও।

(গ) ২০১৪ সাল হতে ২০১৬ সাল পর্যন্ত সময়ের অবচয় হিসাব প্রস্তুত কর।

উত্তর: (ক) মেশিন বিক্রয়জনিত লাভ ১৪,০০০ টাকা; (খ) ২০১৬ সালের অবচয় সংক্রান্ত লেনদেনের জাবেদার যোগফল ৮৪,০০০ টাকা।

৪। মোহনা ট্রেডার্স ২০১৬ সালের ১ জানুয়ারি তারিখে ২,০০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করেন। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর। আয়ুষ্কাল শেষে মেশিনটির ভগ্নাবশেষ মূল্য হবে ২০,০০০ টাকা। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানী হিসাব বন্ধ করে এবং স্থিরকিস্তি পদ্ধতিতে অবচয় ধার্য করে। [রা.বো. ২০১৭]

করণীয় ঃ- (ক) বার্ষিক অবচয় খরচের পরিমাণ নির্ণয় কর।

(খ) ২০১৬ সালের অবচয় সংক্রান্ত জাবেদা দাও।

(গ) ২০১৬ ও ২০১৭ সালের পুঞ্জীভূত অবচয় হিসাব তৈরি কর।

উত্তর: (ক) বার্ষিক অবচয় খরচের পরিমাণ ১৮,০০০ টাকা; (খ) ২০১৬ সালের অবচয় সংক্রান্ত লেনদেনের জাবেদার যোগফল ৩৬,০০০ টাকা; (গ) ২০১৬ ও ২০১৭ সালের পুঞ্জীভূত অবচয় হিসাবের জের যথাক্রমে ১৮,০০০ টাকা ও ৩৬,০০০ টাকা।

৫। জাহিন ট্রেডার্স ২০১৪ সালের ১ জুলাই তারিখে ২,০০,০০০ টাকা মূল্যের একটি যন্ত্রপাতি ক্রয় করে। ২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে ৪,৫০,০০০ টাকায় অতিরিক্ত একটি যন্ত্রপাতি ক্রয় করে এবং বসানো খরচ বাবদ ১০,০০০ টাকা ব্যয় করে। মেয়াদ শেষে দ্বিতীয় যন্ত্রপাতিটির প্রত্যাশিত ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা। উভয় যন্ত্রপাতি প্রত্যাশিত আয়ুষ্কাল পাঁচ বছর প্রতিষ্ঠানটি প্রত্যেক বছর ৩১ ডিসেম্বর তারিখে সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করে। [কু.বো. ২০১৭]

করণীয় ঃ- (ক) ২০১৪ ও ২০১৫ সালের অবচয়ের পরিমাণ নির্ণয় কর।

(খ) উভয় বছরের জন্য জাবেদা দাখিলা দাও।

(গ) ২০১৫ সালের অবচয় হিসাব ও ক্রমযোজিত হিসাব তৈরি কর।

উত্তর: (ক) ২০১৪ সালের অবচয় ২০,০০০ টাকা এবং ২০১৫ সালের অবচয় ১,২৮,০০০ টাকা; (খ) জাবেদার যোগফল ৯,৫৬,০০০ টাকা; (গ) ক্রমযোজিত অবচয় হিসাবের জের ১,৪৮,০০০ টাকা।

৬। জনাব সাদমান নুহীন একজন ফ্যাশন ডিজাইনার যিনি "সাদমান অটো ফ্যাশন ডিজাইন হাউস" এর কর্ণধার। তিনি ২০১২ সালের ১ জুলাই তারিখে জাপান থেকে ১০,০০,০০০ টাকা মূল্যের একটি স্বয়ংক্রিয় ডিজাইন মেশিন আমদানি করেন। মেশিনটির উপর ১৫% ভ্যাট প্রদান করেন। মেশিনটির আনয়ন খরচ ও সংরক্ষণ খরচ বাবদ যথাক্রমে ১০,০০০ টাকা এবং ১৫,০০০ টাকা। মেশিনটির আনুমানিক জীবনকাল ৪ বছর। অনুমান করা যায় যে, মেশিনটির জীবনকাল শেষে অগ্নাবশেষ মূল্য পাওয়া যাবে ১,২০,০০০ টাকা। প্রতিষ্ঠানটি ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করে। [সি.বো. ২০১৭]

করণীয় ঃ- (ক) অবচয় হার নির্ণয় কর।

(খ) চার বছরের অবচয় দেখিয়ে একটি অবচয় সারণী তৈরি কর।

(গ) মেশিন আমদানির জন্য সাধারণ জাবেদা ও অবচয় সংক্রান্ত সমন্বয় জাবেদা দেখাও।

উত্তর: (ক) অবচয়ের হার ২৭.৮৩%; (গ) জাবেদার যোগফল ১৫,০২,০০২ টাকা।

৭। সৈকত ট্রেডার্স ২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে ১,০০,০০০ টাকায় একটি যন্ত্রপাতি ক্রয় করে। এর সংস্থাপন ব্যয় ৫,০০০ টাকা। যন্ত্রপাতির কার্যকরী আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষে মূল্য ১০,০০০ টাকা। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাব বন্ধ করা হয়। [ব.বো. ২০১৭]

করণীয়ঃ-(ক)ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয়ের হার নির্ণয়কর।

(খ) ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে ২০১৫ সালের জাবেদা দাও।

(গ) সরলরৈখিক পদ্ধতিতে ৩ বছর পর্যন্ত পুঞ্জীভূত অবচয় হিসাব তৈরি কর।

উত্তর: (ক) অবচয়ের হার ২০.৯৫%; (খ) জাবেদার যোগফল ১,৪৮,৯৯৬ টাকা; (গ) পুঞ্জীভূত অবচয়ের জের ২৮,৫০০ টাকা।

৮। জনাব রহিম তার ব্যবসায়ীক কার্যাবলি সম্পাদনের জন্য ২০১২ সালের ১ জানুয়ারি তারিখে ৪,৭৫,০০০ টাকা মূল্যের একটি মটর গাড়ি ক্রয় করে। উক্ত গাড়িটির রেজিস্ট্রেশন বাবদ খরচ হয় ২৫,০০০ টাকা। অনুমান করা হয় গাড়িটির আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ১,০০,০০০ টাকা। ২০১৪ সালের ১ অক্টোবর তারিখে গাড়িটি ৩,৬৫,৫০০ টাকায় বিক্রি করেন। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাব সমাপ্ত করা হয়। সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করা হয়। [দি.বো. ২০১৭]

করণীয় ঃ- (ক) মটর গাড়ি বিক্রয়জনিত লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর।

(খ) ২০১২ থেকে ২০১৪ পর্যন্ত অবচয় হিসাব তৈরি কর।

(গ) ২০১২ থেকে ২০১৪ পর্যন্ত মটর গাড়ি হিসাব তৈরি কর।

উত্তর: (ক) মোটরগাড়ি বিক্রয়জনিত ক্ষতি ২৫,০০০ টাকা।

৯। নিটল কোম্পানি ১ জানুয়ারি, ২০১১ সালে ৫,০০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করে। মেশিনের সাথে সম্পৃক্ত খরচ হিসাবে পরিবহন ব্যয় ৬০,০০০ টাকা এবং সংস্থাপন ব্যয় বাবদ ৯০,০০০ টাকা খরচ হয়। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৫০,০০০ টাকা। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাব বর্ষ শেষ হয়। ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। [য.বো. ২০১৭]

করণীয় ঃ-(ক) ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় হার নির্ণয় কর।

(খ) প্রথম দুই বছরের জাবেদা দাখিল দাও।

(গ) প্রথম চার বছরের অবচয় খরচ হিসাব প্রস্তুত কর।

উত্তর: (ক) ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয়ের হার ২২.৬৩%।

১০। জনাব আলভীনা জামান ২০১০ সালের ১ জানুয়ারি তারিখে ১,০০,০০,০০০ টাকা মূল্যের একটি ফ্যাশন ডিজাইন মেশিন জাপান থেকে আমদানি করেন। তিনি আমদানি শুল্ক ৫,০০,০০০ টাকা পরিশোধ করেন। তিনি মেশিনটির বহন খরচ ও সংস্থাপন খরচ যথাক্রমে ৪০,০০০ টাকা ও ৬০,০০০ টাকা নির্বাহ করেন। মেশিনটির আনুমানিক জীবনকাল ১০ বছর ধরা হয় এবং অনুমান করা হয় আনুমানিক জীবনকাল শেষে মেশিনটি বিক্রয় করে ১৬,০০,০০০ টাকা পাওয়া যেতে পারে। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাবকার্য সমাপ্ত করা হয়।

করণীয় ঃ- [ঢা.বো. ২০১৬]

(ক) মেশিনটির অবচয়যোগ্য মূল্য নিরূপণ কর।

(খ) দ্বিগুণ ক্রমহ্রাসমান পদ্ধতিতে প্রথম ৩ বছরের অবচয় খরচ হিসাব প্রস্তুত কর।

(গ) সরলরৈখিক পদ্ধতিতে প্রথম ৪ বছরের জন্য পুঞ্জীভূত অবচয়-মেশিন হিসাব প্রস্তুত কর।

উত্তর: (ক) মেশিনটির অবচয়যোগ্য মূল্য ৯০,০০,০০০ টাকা; (গ) পুঞ্জীভূত অবচয়–মেশিন হিসাবের জের ৩৬,০০,০০০ টাকা (ক্রেডিট)

১১। হাবিব ম্যানুফ্যাকচারিং কোম্পানী ১ জানুয়ারি, ২০১২ সালে ৪,৯০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করে। কোম্পানী প্রত্যাশা করে মেশিনটি মোট ১৮,০০০ ঘন্টা ব্যবহার করা যাবে। আয়ুষ্কাল শেষে মেশিনটির ভগ্নাবশেষ মূল্য হবে ৪০,০০০ টাকা। মেশিনটি ২০১২ সালে ২,৫০০ ঘন্টা, ২০১৩ সালে ২,৮০০ ঘন্টা, ২০১৪ সালে ৩,২০০ ঘন্টা এবং ২০১৫ সালে ৩,৫০০ ঘন্টা ব্যবহার করা হয়েছিল। [রা.বো. ২০১৬]

করণীয় ঃ- (ক) ঘন্টা প্রতি মেশিনের অবচয়ের পরিমাণ নির্ণয় কর।

(খ) কর্মঘন্টা হার পদ্ধতিতে মেশিনের চার বছরের অবচয় সারণি তৈরি কর।

(গ) চার বছরের জন্য পুঞ্জীভূত অবচয় হিসাব তৈরি কর।

উত্তর: (ক) ঘন্টা প্রতি মেশিনের অবচয়ের পরিমাণ ২৫ টাকা; (খ) অবচয়ের পরিমাণ: ২০১২-৬২,৫০০ টাকা, ২০১৩-৭০,০০০ টাকা, ২০১৪-৮০,০০০ টাকা এবং ২০১৫-৮৭,৫০০ টাকা; (গ) পুঞ্জীভূত অবচয়-মেশিন হিসাবের জের ৩,০০,০০০ টাকা (ক্রেডিট)।

১২। দি ওমেগা কোম্পানি লিঃ ২০১৫ সালের ১লা জানুয়ারি তারিখে ৪,৮০,০০০ টাকার একটি মেশিন ক্রয় করে উহার পরিবহন ও সংস্থাপন বাবদ যথাক্রমে ৫,০০০ টাকা ও ১৫,০০০ টাকা খরচ করেন। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৫০,০০০ টাকা। প্রতি বছর ৩১ শে ডিসেম্বর তারিখে কোম্পানি তার হিসাব বন্ধ করে এবং স্থির কিস্তিতে অবচয় ধার্য হয়। [চ.বো. ২০১৬]

করণীয় ঃ- (ক) মেশিনটির বার্ষিক অবচয়ের পরিমাণ নির্ণয় কর।

(খ) ২০১৫ সালের অবচয় সংক্রান্ত জাবেদা দাখিলা দাও।

(গ) মেশিন হিসাব এবং অবচয় খরচ হিসাবের খতিয়ান কর।

উত্তর: (ক) বার্ষিক অবচয়ের পরিমাণ ৪৫,০০০ টাকা; (খ) জাবেদার যোগফল ৯০,০০০ টাকা; (গ) মেশিন হিসাবের জের (ডেবিট) ৫,০০,০০০ টাকা।

১৩। রিফাত কোম্পানির দালানের ক্রয়মূল্য এবং ২০১৪ সালের ৩১ শে ডিসেম্বর তারিখে পর্যন্ত পুঞ্জীভূত অবচয়ের পরিমাণ নিচে প্রদত্ত হলো; [কু.বো. ২০১৬]

| | |
|---|---|
| দালানের ক্রয়মূল্য | ৩০,০০,০০০ টাকা |
| বাদ: পুঞ্জীভূত অবচয় | ১০,০০,০০০ টাকা |
| দালানের বই মূল্য | ২০,০০,০০০ টাকা |

সরলরৈখিক পদ্ধতিতে দালানটির বার্ষিক অবচয়ের পরিমাণ ১,০০,০০০ টাকা। ২০১৫ সালের ১ জুলাই তারিখে দালানটি ২৫,০০,০০০ টাকায় এমরান কোম্পানীর নিকট বিক্রয় করা হলো।

করণীয় ঃ- (ক) ২০১৫ সালে বিক্রয় পর্যন্ত দালানটির অবচয়ের পরিমাণ নির্ণয় কর।

(খ) ২০১৫ সালে সংঘটিত লেনদেনের প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও।

(গ) দালান হিসাব এবং পুঞ্জীভূত অবচয় হিসাব তৈরি কর।

উত্তর: (ক) বিক্রয় পর্যন্ত মোট অবচয়ের পরিমাণ ১০,৫০,০০০ টাকা; (খ) জাবেদার যোগফল ৪২,০০,০০০ টাকা।

১৪। ২০১৪ সালের ১ জানুয়ারি ইং তারিখে রাজিব এন্ড কোং ৩,১০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করে। উক্ত মেশিনের আমদানি শুল্ক ২০,০০০ টাকা, জাহাজ ভাড়া ৫,০০০ টাকা ও সংস্থাপন ব্যয় ২৫,০০০ টাকা। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ৫ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ১০,০০০ টাকা। প্রতিষ্ঠানটির হিসাবকাল ৩১ ডিসেম্বর শেষ হয় এবং সররৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করা হয়। [সি.বো. ২০১৬]

করণীয় ঃ- (ক) মেশিনের অর্জন মূল্য নির্ণয় কর।

(খ) রাজিব এন্ড কোং এর হিসাব বইতে ২০১৪ এবং ২০১৫ সালের মেশিন ক্রয় এবং অবচয় সংক্রান্ত প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও।

(গ) ২০১৪ এবং ২০১৫ সালের শেষ তারিখে রাজিব এন্ড কোং এর আর্থিক অবস্থার বিবরণীতে মেশিন কীভাবে প্রদর্শিত হবে দেখাও।

উত্তর: (ক) মেশিনের অর্জন মূল্য ৩,৬০,০০০ টাকা; (খ) জাবেদার যোগফল ৬,৪০,০০০ টাকা; (গ) মেশিনের মূল্য: ২০১৪- ২,৯০,০০০ টাকা এবং ২০১৫-২,২০,০০০ টাকা।

১৫। আবদুল্লাহ এন্ড কোং ২০১৪ সালের ১ জুলাই নগদ ৯,০০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করে। উক্ত মেশিন বসানো খরচ হয় ১,০০,০০০ টাকা। আয়ুষ্কাল ধরা হয় ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ধরা হয় ৫০,০০০ টাকা। ৩১ ডিসেম্বর তারিখে হিসাব বছর শেষ হয়। স্থির কিস্তি পদ্ধতিতে অবচয় ধার্য করা করা হয়। [ব.বো. ২০১৬]

করণীয় ঃ- (ক) বার্ষিক অবচয়ের পরিমাণ নির্ণয় কর।

(খ) ২০১৪ ও ২০১৫ সালের প্রয়োজনীয় জাবেদা দেখাও।

(গ) অবচয় খরচ হিসাব এবং পুঞ্জীভূত অবচয় হিসাব দেখাও (২০১৪ ও ২০১৫ সালের জন্য)।

উত্তর: (ক) বার্ষিক অবচয়ের পরিমাণ ৯৫,০০০ টাকা; (খ) জাবেদার যোগফল ১২,৮৫,০০০ টাকা; (গ) পুঞ্জীভূত অবচয়ের জের ১,৪২,৫০০ টাকা।

১৬। ভানু সিংহ ট্রেডার্স ২০১২ সালের ১ জানুয়ারি ও ২০১৪ সালের ১ জানুয়ারি যথাক্রমে ৪,৫০,০০০ টাকা ও ২,০০,০০০ টাকা মূল্যের দুইটি মেশিন ক্রয় করে। [দি.বো. ২০১৬]

করণীয় ঃ- (ক) ১০% হারে ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে ২০১২ ও ২০১৩ সালের অবচয়ের পরিমাণ নির্ণয় কর।

(খ) চার বছরের জন্য মেশিন হিসাব তৈরি কর।

(গ) ১০% হারে সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করে চার বছরের জন্য পুঞ্জীভূত অবচয় হিসাব তৈরি কর।

উত্তর: (ক) অবচয়ের পরিমাণ: ২০১২-৪৫,০০০ টাকা এবং ২০১৩-৪০,৫০০ টাকা; (খ) মেশিন হিসাবের জের ৬,৫০,০০০ টাকা; (গ) পুঞ্জীভূত অবচয় মেশিন হিসাবের জের ২,২০,০০০ টাকা।

১৭। ১ জানুয়ারি ২০১৩ তারিখ সাব্বির কোম্পানি ৬০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করেন। মেশিনটির আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৫,০০০ টাকা।

করণীয় ঃ- [ঢা.বো. ২০১৫]

(ক) ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে ১০% হারে প্রথম দুই বছরের অবচয় নির্ণয় করো।

(খ) সরলরৈখিক পদ্ধতি অনুসরণ করে প্রথম দুই বছরের জন্য অবচয় খরচ হিসাব ও পুঞ্জিভূত অবচয় হিসাব তৈরি করো।

(গ) সরলরৈখিক পদ্ধতি অনুসরণ করে প্রথম দুই বছরের আয় বিবরণী ও আর্থিক অবস্থার বিবরণীতে এর প্রতিফলন দেখাও।

উত্তর: (ক) অবচয়: ২০১৩-৬,০০০ টাকা এবং ২০১৪-৫,৪০০ টাকা; (খ) বার্ষিক অবচয় (২০১৩ ও ২০১৪) ৫,৫০০ টাকা, পুঞ্জীভূত অবচয় হিসাব (ক্রেডিট) ১১,০০০ টাকা।

১৮। পিয়াস ট্রেডার্স ২০১০ সালের ১ জানুয়ারি তারিখে ২,০০,০০০ টাকায় একটি যন্ত্র ক্রয় করে। যন্ত্রটির আয়ুষ্কাল ১০ বছর। আয়ুষ্কাল শেষে যন্ত্রটির ভগ্নাবশেষ মূল্য ২,০০০ টাকা। ৩১-১২-২০১৪ তারিখে পিয়াস ট্রেডার্স উক্ত যন্ত্রটি ১,০০,০০০ টাকায় বিক্রি করে। প্রতিষ্ঠানটি প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে বার্ষিক হিসাব সমাপ্ত করে। [চ.বো. ২০১৫]

করণীয় ঃ- (ক) সরলরৈখিক পদ্ধতিতে বার্ষিক অবচয়ের পরিমাণ নির্ণয় করো।

(খ) সরলরৈখিক পদ্ধতিতে ২০১০ ও ২০১১ সালের জাবেদা দাখিলা দেখাও।

(গ) চলমান জের ছকে ২০১০ ও ২০১১ সালের পুঞ্জিভূত অবচয় হিসাব ও যন্ত্রপাতি হিসাব তৈরী করো।

উত্তর: (ক) বার্ষিক অবচয় ১৮,০০০ টাকা; (গ) যন্ত্রপাতি হিসাব ২,০০,০০০ টাকা, পুঞ্জীভূত অবচয় হিসাব ৩৬,০০০ টাকা।

১৯। মিঃ মারুফ ২০১৩ সালের ১ জানুয়ারি তারিখে ৮০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করেন। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৫,০০০ টাকা। মিঃ মারুক প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাব বন্ধ করে এবং ক্রমহ্রাস জের পদ্ধতিতে অবচয় ধার্য করে। [কু.বো. ২০১৫]

করণীয় ঃ- (ক) ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয়ের হার নির্ণয় করো।

(খ) প্রথম দুই বছরের অবচয় তালিকা ও মেশিন হিসাব তৈরী কর।

(গ) প্রথম দুই বছরের প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও।

উত্তর: (ক) ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয়ের হার ২৪.২১%; (খ) অবচয়: ২০১৩ সাল- ১৯,৩৬৮ টাকা, ২০১৪ সাল- ১৪,৬৭৯ টাকা, মেশিন হিসাব (ডেবিট) ৮০,০০০ টাকা।

২০। ২০১২ সালে ১লা জানুয়ারি তারিখে মিঃ আদিল এন্ড কোং লি. ১,৭৫,০০০ টাকা মূল্যে একটি মেশিন ক্রয় করেন। উক্ত মেশিনের সংস্থাপন ব্যয় ২৫,০০০ টাকা। বার্ষিক ২০% হারে ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে মেশিনের উপর অবচয় ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। প্রতি বছর ৩১ ডিসেম্বর হিসাবকাল শেষ হয়। [সি.বো. ২০১৫]

করণীয় ঃ- (ক) ২০১২ থেকে ২০১৪ সাল পর্যন্ত সময়ের অবচয় সরণি নির্ণয় করো।

(খ) ২০১২ থেকে ২০১৪ সাল পর্যন্ত প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও।

(গ) ২০১২ থেকে ২০১৪ সাল পর্যন্ত সময়ের অবচয় সঞ্চিতি হিসাব প্রস্তুত করো।

উত্তর: (ক) অবচয়: ২০১২ সাল ৪০,০০০ টাকা, ২০১৩ সাল ৩২,০০০ টাকা, ২০১৪ সাল ২৫,৬০০ টাকা; (গ) অবচয় সঞ্চিতি হিসাবের জের ৯৭,৬০০ টাকা।

২১। ২০১০ সালের জানুয়ারি মাসের ১ তারিখে জামান ব্রাদার্স ১০,৫০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করে। মেশিনটির বহন খরচ ৩৫,০০০ টাকা এবং সংস্থাপন খরচ ১৫,০০০ টাকা। মেশিনটির আনুমানিক জীবনকাল ৫ বছর এবং এর ভগ্নাবশেষ মূল্য ৩০,০০০ টাকা। [ব.বো. ২০১৫]

করণীয় ঃ- (ক) মেশিনটির সরল রৈখিক পদ্ধতিতে অবচয় ধার্যের হার নির্ণয় কর।

(খ) ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে পাঁচ বছরের যন্ত্রপাতি হিসাব প্রস্তুত করো।

(গ) ক্রয় মূল্যের ভিত্তিতে পাঁচ বছরের পুঞ্জিভূত অবচয় (যন্ত্রপাতি) হিসাব প্রস্তুত করো।

উত্তর: (ক) অবচয়ের হার ২০%; (খ) যন্ত্রপাতি হিসাবের জের (ডেবিট) ১১,০০,০০০ টাকা; (গ) পুঞ্জীভূত অবচয় হিসাবের জের (ক্রেডিট) ১০,৭০,০০০ টাকা।

২২। ২০১২ সালের ১ জানুয়ারী তারিখে হামিম ট্রেডার্স ৪,০০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করে পরিবহন ব্যয় ৪০,০০০ টাকা এবং ৬০,০০০ টাকা সংস্থাপন ব্যয় প্রদান করল। মেশিনটির আয়ুষ্কাল পাঁচ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ১,৫,০০০০ টাকা। হামিম ট্রেডার্স ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করে। [দি.বো. ২০১৫]

করণীয় ঃ- (ক) অবচয়ের হার এবং ১ম বৎসরের অবচয়ের পরিমাণ নির্ণয় করো।

(খ) প্রথম দুই বছরের মেশিন হিসাব ও অবচয় হিসাব তৈরী করো।

(গ) প্রথম তিন বছরের পুঞ্জিভূত অবচয় হিসাব তৈরী করো।

উত্তর: (ক) ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয়ের হার ২১.৪০%, প্রথম বছরের অবচয় ১,০৭,০০০ টাকা; (খ) মেশিন হিসাব ৫,০০,০০০ টাকা, অবচয় হিসাব: ২০১২- ১,০৭,০০০ টাকা এবং ২০১৩- ৮৪,১০২ টাকা; (গ) পুঞ্জীভূত অবচয় হিসাব ২,৫৭,২০৬ টাকা।

২৩। যমুনা লিমিটেড ২০১৩ সালের ১লা জানুয়ারি তারিখে ৬,০০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করে, পরিবহন খরচ ও সংস্থাপন খরচ ব্যয় বাবদ যথাক্রমে ২০,০০০ টাকা ও ৩০,০০০ টাকা প্রদান করেন, মেশিনটির আয়ুষ্কাল ১০ বছর ধরে এবং ভগ্নাবশেষ মূল্য ৫০,০০০ টাকা। প্রতি বৎসর ৩১ শে ডিসেম্বর তারিখে হিসাব বন্ধ করা হয়। স্থির কিস্তি পদ্ধতিতে অবচয় ধার্য করা হয়। [য.বো. ২০১৫]

করণীয় ঃ- (ক) বার্ষিক অবচয়ের পরিমাণ নির্ণয় করো।

(খ) ২০১৩ সালের অবচয় সংক্রান্ত জাবেদা দাখিলা দেখাও।

(গ) মেশিন হিসাব ও অবচয় খরচ হিসাব প্রস্তুত করো।

উত্তর: (ক) বার্ষিক অবচয় ৬০,০০০ টাকা; (খ) জাবেদার যোগফল ১,২০,০০০ টাকা; (গ) মেশিন হিসাবের জের ৬,৫০,০০০ টাকা।

**Reference:**

Various important curriculum books, notebooks and Test Papers.

# অধ্যায়-০৮: গুরুত্বপূর্ণ বহুনির্বাচনি

১। সম্পত্তির ভগ্নাবশেষ মূল্য না থাকলে কোন পদ্ধতিতে অবচয় ধার্য করলে আয়ুষ্কাল শেষে সম্পত্তির মূল্য শূন্য হয় না ?
ক. ক্রমহ্রাসমান জের পদ্ধতি✓
খ. সরলরৈখিক পদ্ধতি
গ. বর্ষসংখ্যা সমষ্টি পদ্ধতি
ঘ. উৎপাদন পদ্ধতি

২। 'খনি থেকে কয়লা উত্তোলন' কোনটির উদাহরণ ?
ক. সময়ের বিবরর্তন
খ. প্রত্যক্ষ সম্ভোগ✓
গ. অপ্রচলন
ঘ. ব্যবহারহীনতা

৩। অবচয় নির্ধারণের কোন পদ্ধতিতে ভগ্নাবশেষ মূল্য বিয়োগ করতে হয় না ?
ক. বর্ষ সংখ্যার সমষ্টি পদ্ধতি
খ. উৎপাদন একক পদ্ধতি
গ. সরলরৈখিক পদ্ধতি
ঘ. ক্রমহ্রাসমান জের পদ্ধতি✓

৪। ব্যবসায় ব্যবহারের জন্য ৫০,০০০ টাকার একটি যন্ত্রপাতি ক্রয় করা হলো। কার্যস্থলে আনার জন্য ২,০০০ টাকা বহন খরচ দেয়া হলো। সংস্থাপন ব্যয় ৫,০০০ টাকা। যন্ত্রপাতি হিসাবে কত টাকা লেখা হবে ?
ক. ৫০,০০০
খ. ৫২,০০০
গ. ৫৫,০০০
ঘ. ৫৭,০০০✓

৫। অবচয় কোন ধরনের প্রক্রিয়া ?
ক. ক্রয়মূল্য বন্টন✓
খ. মূল্যায়ন
গ. নগদ জমাকরণ
ঘ. মূল্য বিশ্লেষণ

৬। কখন স্থায়ী সম্পত্তি বাজার মূল্যে বিবেচনা করা যুক্তিযুক্ত ?
ক. ক্রয়ের  সম
খ. যখন বাজারমূল্য বেশি থাকে
গ. ব্যবসায়ের অবসানের সময়✓
ঘ. অবচয় ধার্যের সময়

৭। স্থির কিস্তির অবচয় হার × ২ = ?
ক. স্থির কিস্তি পদ্ধতিতে অবচয়ের হার
খ. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় হার
গ. দ্বিগুন ক্রমহ্রাসমান অবচয়ের হার✓
ঘ. মাইল হার পদ্ধতি

৮। অবচয়ের বাহ্যিক কারণ কোনটি ?
ক. কালের আবর্তন
খ. সময়ের অতিবাহন✓
গ. ব্যবহারিক ক্ষয়-ক্ষতি
ঘ. বাজার দরের স্থায়ী পতন

৯। ৫৪,০০০ টাকার একটি মেশিনের আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৪,০০০ টাকা। দৈত ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে বার্ষিক অবচয়ের হার কত ?
ক. ১০%
খ. ২০%✓
গ. ২৫%
ঘ. ৩০%

১০। কোন পদ্ধতিতে সকল আর্থিক বছরে অবচয়ের পরিমাণ সমান থাকে ?
ক. ক্রমহ্রাসমান
খ. সরলরৈখিক✓
গ. বর্ষগুণ
ঘ. উৎপাদন পদ্ধতি

১১। মোটরগাড়ি, ট্রাক, বাস ইত্যাদি সম্পর্কে কোন পদ্ধতিতে অবচয় নির্ধারণ করা হয় ?
ক. যান্ত্রিক ঘন্টা হার
খ. উৎপাদন একক
গ. মাইল হার✓
ঘ. প্রতিস্থাপন ব্যয়

১২। একটি সম্পত্তির মোট ক্রয়মূল্য এবং পুঞ্জিভূত অবচয়ের পার্থক্যকে বলা হয় ?
ক. বই মূল্য✓
খ. বাজার মূল্য
গ. প্রকৃত মূল্য
ঘ. অবমূল্যায়ন

১৩। বার্ষিক ১০% হারে ১,২০,০০০ টাকায় একটি মেশিনের এক মাসের অবচয় কত ?
ক. ১,২০০ টাকা
খ. ১,০০০ টাকা✓
গ. ৮০০ টাকা
ঘ. ১২০ টাকা

১৪। বছরের শুরুতে কোনো সম্পত্তির মূল্য ১,২০,০০০ টাকা বছরের শেষে পুঞ্জীভূত অবচয় ৭২,০০০ টাকা। কত টাকায় যন্ত্রটি বিক্রয় করলে বিক্রয় জনিত ক্ষতি হবে ৮,০০০ টাকা।
ক. ৭৬,০০০ টাকা
খ. ৬৬,০০০ টাকা
গ. ৪৮,০০০ টাকা
ঘ. ৪০,০০০ টাকা✓

১৫। ৫৪,০০০ টাকার একটি মেশিনের আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৪,০০০ টাকা। দ্বিগুন ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে বার্ষিক অবচয়ের হার কত ?
ক. ১০%
খ. ২০%✓
গ. ২৫%
ঘ. ৩০%

১৬। প্রাকৃতিক সম্পদের অবচয় নিণয়ে কোন পদ্ধতি গ্রহণ করা হয় ?

ক. স্থির কিস্তি
খ. প্রতিস্থাপন ব্যয়
গ. নিঃশেষকরণ✓
ঘ. পুনঃমূল্যায়ন

১৭। স্থায়ী সম্পদের ব্যয়কে তার আয়ুষ্কালের মধ্যে বণ্টন করে দেয়ার প্রক্রিয়াকে কি বলে ?
ক. অবলোপন
খ. অবচয়✓
গ. ভগ্নাবশেষ মূল্য
ঘ. প্রক্রিয়াকালীন ব্যয়

১৮। স্থায়ী সম্পত্তি বিক্রয়ের ফলে ক্ষতি হয়েছে, এ ক্ষেত্রে নিচের কোন বক্তব্যটি সঠিক ?
ক. বিক্রয় মূল্যের চেয়ে পুস্তক মূল্য কম
খ. পুস্তক মূল্যের চেয়ে বিক্রয় মূল্য কম✓
গ. পুস্তক মূল্য পুঞ্জীভূত অবচয়ের চেয়ে কম
ঘ. পুঞ্জীভূত অবচয়ের চেয়ে ক্রয় মূল্য কম

১৯। চলতি বছর স্থায়ী সম্পদের অবচয় ১৫,০০০ টাকা কম ধরা হলে- এর প্রভাব কী হবে ?
ক. মুনাফা বাড়বে ১৫,০০০ টাকা✓
খ. মুনাফা কমবে ১৫,০০০ টাকা
গ. পুস্তক মূল্য পুঞ্জীভূত অবচয়ের চেয়ে কম
ঘ. পুঞ্জীভূত অবচয়ের চেয়ে ক্রয় মূল্য কম

২০। অবচয়কে হিসাবকালের ব্যয় হিসাবে গন্য করা হয় কোন নীতি অনুসারে ?
ক. চলমান প্রতিষ্ঠান ধারণা
খ. আয় স্বীকৃত নীতি
গ. ম্যাচিং নীতি✓
ঘ. পূর্ণ প্রকাশ নীতি

২১। ৮৮,০০০ টাকার একটি মেশিনের আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৮,০০০ টাকা। সরলরৈখিক পদ্ধতিতে বার্ষিক অবচয়ের হার কত ?
ক. ১০%✓
খ. ১৫%
গ. ২০%
ঘ. ২৫%

২২। অবচয় হলো-
i. নগদ লেনদেন
ii. অনগদ লেনদেন
iii. অদৃশ্য লেনদেন
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii✓ (ঘ) i, ii ও iii

২৩। অনুযায়ী সম্পত্তি ব্যয়ের সাথে জড়িত-
i. অর্জন ব্যয়
ii. নির্মান ব্যয়
iii. পশ্চাৎকালীন ব্যয়
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii✓

▶ নিচের উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও।

০১ জানুয়ারী, ২০১৫ একজন ব্যবসায়ী ৩,০০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করেন এবং এটির সংস্থাপন ও পরিবহন বাবদ ব্যয় করেন যথাক্রমে ২০,০০০ টাকা ও ৩০,০০০ টাকা। এক বছর শেষে মেশিনটি ২,৫০,০০০ টাকায় বিক্রয় করা হয়।

২৪। যদি সরল রৈখিক পদ্ধতিতে ১০% হারে অবচয় ধার্য করা হয়, তাহলে অবচয়ের পরিমাণ কত টাকা ?
ক. ৩০,০০০
খ. ৩৫,০০০✓
গ. ৪০,০০০
ঘ. ৫০,০০০

২৫। মেশিনটি বিক্রয়ের ফলে ক্ষতির পরিমাণ কত টাকা ?
ক. ৩০,০০০
খ. ৩৫,০০০✓
গ. ৬৫,০০০
ঘ. ১,০০,০০০

▶ নিচের উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও।

একটি মেশিন ৫০,০০০ টাকা দিয়ে ক্রয় করা হয় এবং এর জন্য পরিবহন ভাড়া প্রদান করা হয় ১০,০০০ টাকা, সংস্থাপন মজুরি প্রদান করা হয় ৫০,০০০ টাকা।মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ৫ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৩,০০০ টাকা।

২৬। উদ্দীপকের আলোকে অবচয়যোগ্য মূল্যের পরিমাণ কত ?
ক. ৫০,০০০ টাকা
খ. ৬২,০০০ টাকা✓
গ. ৬৫,০০০ টাকা
ঘ. ৬৮,০০০ টাকা

২৭। উদ্দীপকের আলোকে-
i. দ্বিগুণ ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় হার ৪০%
ii. সরলরৈখিক পদ্ধতিতে অবচয় হার ২০%
iii. মেশিনের প্রারম্ভিক নিট মূল্য ৬২,০০০ টাকা
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii✓ (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

▶ নিচের উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও।

মেরিন ট্রেডার্স ২০১২ সালের ১ জুলাই তারিখে ৭৫,০০০ টাকা দিয়ে যন্ত্রপাতি ক্রয় করেন। এর সংস্থাপন ব্যয় ৫,০০০ টাকা নগদে প্রদান করেন।যন্ত্রটির আনুমানিক জীবন কাল ৫ বছর। ৫ বছর শেষে ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা ধরা হয়।

২৮। দ্বিতীয় বছরে যন্ত্রটির অবচয়ের পরিমাণ কত টাকা ?
ক. ৬,০০০
খ. ১০,০০০
গ. ১২,০০০✓
ঘ. ১৬,০০০

২৯। ভগ্নাবশেষ মূল্য ১০,০০০ টাকা হলে-এর প্রভাব-
i. অবচয়ের পরিমাণ কমবে
ii. অবচয়ের পরিমাণ বাড়বে
iii. মালিকানা স্বত্ব পাবে
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii✓ (ঘ) i ii ও iii